

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২০৯৩

পর্ব-৭: সওম (রোযা) (১ ত্রান্

পরিচ্ছেদঃ ৮. দ্বিতীয় অনুচ্ছেদ - লায়লাতুল কদর

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ قَالَ: سُئِلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ لَيْلَةِ الْقَدْرِ فَقَالَ: «هِيَ فِي كُلِّ رَمَضَانَ» . رَوَاهُ أَبُو دَاؤُد وَقَالَ: رَوَاهُ سُفْيَان وَشَعْبَة عَن أَبِي إِسْحَق مَوْقُوفا على ابْن عمر

বাংলা

২০৯৩-[১১] ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-কে লায়লাতুল কদর সম্পর্কে জিজ্ঞেস করা হলে, তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) বলেন, তা প্রত্যেক রমাযানে আসে। (আবূ দাউদ। ইমাম আবূ দাউদ বলেন, সুফ্ইয়ান ও শু'বাহ্ আবূ ইসহাক হতে, তিনি মাওকৃফ হিসেবে এ হাদীসটি ইবনু 'উমার হতে বর্ণনা করেছেন।)[1]

ফুটনোট

[1] য'ঈফ : তবে সঠিক হলো তা মাওকূফ। আবূ দাউদ ১৩৮৭, সুনানুল কুবরা লিল বায়হাকী ৮৫২৬, য'ঈফ আল জামি' ৬১০২। কারণ এর সানাদে আবূ ইসহাক একজন মুখতালাত্ব রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: 'আল্লামা ত্বীবী (রহঃ) বলেন, এ হাদীসটি দু'টি বিষয়ে সম্ভাবনা রাখে।

- ১. নিশ্চয়ই তা বছরগুলোর মধ্য হতে প্রতি রমাযানের ক্ষেত্রে তা প্রযোজ্য। সুতরাং তা (লায়লাতুল কদর) রমাযানের সাথে খাস। অতএব অন্য সকল মাসে তা গণ্য হবে না।
- ২. রমাযানের প্রত্যেক রাতের ক্ষেত্রে তা প্রযোজ্য। সুতরাং রমাযানের শেষের কিছু অংশের সাথে তা খাস হবে না। অর্থাৎ- পুরো রমাযানই লায়লাতুল কদর। 'আল্লামা 'উবায়দুল্লাহ মুবারকপূরী (রহঃ) বলেন, এ হাদীস দ্বারা দলীল গ্রহণ করা হয় যা আবূ হানীফাহ্ (রহঃ) থেকে বর্ণিত রয়েছে যে, লায়লাতুল কদরটা রমাযানের সকল রাতে



হওয়ার সম্ভাবনা রয়েছে, কিন্তু এ ক্ষেত্রে হাদীসটি পূর্ণ বক্তব্য নয়। যেমন 'আল্লামা কারী (রহঃ) বলেন, এ হাদীসটি মাওকৃফ ও মারফূ' হওয়ার ব্যাপারে মতপার্থক্য রয়েছে। যদি তা মাওকৃফ হয় তবে তা নস বা পূর্ণ হুকুম নয়। আর আমার ['উবায়দুল্লাহ মুবারকপূরী (রহঃ)] নিকট প্রাধান্যযোগ্য মত হল, 'আল্লামা ত্বীবী (রহঃ)-এর উল্লেখিত দু'টি বিষয়ের প্রথমটি। কারণ একাধিক বিশুদ্ধ ও স্পষ্ট হাদীস থেকে জানা যায় যে, লায়লাতুল কদর রমাযানের শেষ দশকের সাথে নির্দিষ্ট।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন